গণমানুষের ব্যাংক

**বাংলাদেশ কৃষি ব্যাংক**
লোকাল প্রিন্সিপাল অফিস
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫২৯৯৬, ৯৫৫০৩২৫
E-mail ঃ dgmlpo@krishibank.org.bd
bach@krishibank.org.bd

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/ ১১৬৪ তারিখ: ০৯.১১.২০২৩ ইং

**অতীব জরুরী**

উপ মহাব্যবস্থাপক
ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়, ও সকল কর্পোরেট শাখা
এবং
ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়: বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর ইএফটি ক্লিয়ারিং ও সেটেলমেন্ট NIKASH-BEFTN System এর মাধ্যমে সম্পাদন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ০৮.১১.২০২৩ তারিখের সার্কুলার নং- ০৬/২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। উক্ত সার্কুলারে আগামী ১২ নভেম্বর ২০২৩ তারিখ হতে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর কার্যক্রম বর্তমানে ব্যবহৃত BACH এর BEFTN সফট্ওয়্যারের পরিবর্তে NIKASH-BEFTN সফট্ওয়্যারের মাধ্যমে সম্পাদন করা হবে মর্মে আমাদের অবহিত করা হয়েছে। এতদুদ্দেশ্যে, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো :

(ক) নতুন NIKASH-BEFTN ব্যবস্থায় ইলেকট্রনিক্স ফান্ড ট্রান্সফার (EFT) লেনদেন ১২/১১/২০২৩ তারিখ হতে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রতিদিন ৩টি (তিন) সেশনে স্থানীয় মুদ্রায় পরিচালিত হবে:

| সেশনসমূহ | সময়সূচী |
|---|---|
| সেশন-১ | রাত ১২:০০:০০ ঘটিকা হতে সকাল ১১:৫৯:৫৯ ঘটিকা |
| সেশন-২ | দুপুর ১২:০০:০০ ঘটিকা হতে দুপুর ২:৫৯:৫৯ ঘটিকা |
| সেশন-৩ | দুপুর ৩:০০:০০ ঘটিকা হতে রাত ১১:৫৯:৫৯ ঘটিকা |

(খ) NIKASH-BEFTN System এ কার্যক্রম শুরু হওয়ার পূর্বে ০৯.১১.২০২৩ তারিখ পর্যন্ত কার্যাবলী নিম্নরূপ:

**(১) বর্তমান BACH (BEFTN) সিস্টেমে EFT Outward পাঠানোর শেষ সময় হবে ০৯/১১/২০২৩ তারিখ দুপুর ০২:০০ ঘটিকা, অর্থাৎ ০৯/১১/২০২৩ তারিখ প্রথম সেশন পর্যন্ত। ০৯/১১/২০২৩ তারিখ দুপুর ০২:০০ ঘটিকার পর কোনো ভাবেই বর্তমান BACH (BEFTN) সিস্টেমে EFT Outward প্রেরণ করা যাবে না;**

**(২) বর্তমান BACH (BEFTN) সিস্টেমে EFT Outward রিটার্ন/শাখার প্রদেয় (৪১) খাতে কোন রিটার্নযোগ্য EFTN থাকলে অবশ্যই আগামী ০৯.১১.২০২৩ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে রিটার্ন সম্পন্ন করতে হবে। বর্ণিত সময়ের মধ্যে সকল শাখা রিটার্নযোগ্য EFTNরিটার্ন প্রেরণ সম্পন্ন করবে। কোন শাখা নির্দিষ্ট সময়ের মধ্যে রিটার্ন সম্পন্ন করতে ব্যর্থ হলে সমস্ত দায় শাখার উপর বর্তাবে।**

(গ) NIKASH-BEFTN System এ কার্যক্রম শুরু হওয়ার পর নিম্নোক্ত নিয়মে লেনদেন কার্যাবলী সম্পাদন করতে হবে :

(১) BEFTN Outward এর ক্ষেত্রে ডেবিট ও ক্রেডিট লেনদেন পৃথক পৃথক ফাইলের মাধ্যমে অর্থাৎ একই ফাইলে উভয় প্রকার লেনদেন অন্তর্ভূক্ত না করে আলাদাভাবে উপস্থাপন করতে হবে;

(২) ডেবিট ও ক্রেডিট লেনদেনের ক্ষেত্রে ইএফটি সেটেলমেন্ট হওয়ায় পরবর্তী ২ (দুই) সেশনের মধ্যে রিটার্ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। অর্থাৎ সেশন-১ এর কোন লেনদেন রিটার্নযোগ্য হলে তা অবশ্যই সেশন-৩ এর মধ্যে রিটার্ন সম্পন্ন করতে হবে;

চলমান পাতা - ০২

(৩) BEFTN Outward প্রেরনের ক্ষেত্রে প্রেরকের (Sender) এর নাম উল্লেখ করতে হবে। প্রেরকের (Sender) নাম এ কোন Special Character (%, &, #, @, *, +, -,) উল্লেখ করা যাবে না। অন্যথায় Outward সম্পন্ন না হয়ে Reject হয়ে যাবে;

(৪) BEFTN Outward প্রেরনের ক্ষেত্রে প্রেরকের(Sender) হিসাব নম্বর '-' (হাইফেন) ব্যতীত security digit সহ ১৪ ডিজিট উল্লেখ করতে হবে। অন্যথায় Outward সম্পন্ন না হয়ে Reject হয়ে যাবে। **এতদ্‌সংক্রান্ত পত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/১০৭৪ অত্র কার্যালয় হতে ০৬.১১.২০২৩ তারিখে প্রেরন করা হয়েছে যা অত্র ব্যাংকের ওয়েব সাইটে আপলোড আছে।**

(৫) BEFTN Outward এর ক্ষেত্রে Payment information (টাকা প্রেরণের উদ্দেশ্য) অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় Outward সম্পন্ন না হয়ে Reject হয়ে যাবে;

(৬) BEFTN Outward Excel File Upload এর মাধ্যমে প্রেরনের ক্ষেত্রে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) টি আইটেম অন্তর্ভুক্ত করা যাবে। ১০০০ টির অতিরিক্ত আইটেম থাকলে File টি Reject হয়ে যাবে;

(৭) এছাড়াও, NIKASH-BEFTN System এর কার্যক্রম কেন্দ্রীয়ভাবে শুরু হওয়ার পূর্ব পর্যন্ত উল্লেখিত ০৩ টি সেশনের Inward BEFTN আইটেম পূর্বের ন্যায় নির্দিষ্ট সময়ের মধ্যে সম্মানিত গ্রাহকের হিসাবে জমা করতে হবে।

০৩। দৈনিক ভিত্তিতে Day End এর পূর্বে BEFTN এর জন্য আদায়যোগ্য খাত ১৩১/১৫৬ এর স্থিতি যথাযথ EFTN Net Settlement Report মোতাবেক CBS এ ভাউচার পোষ্টিং দেওয়ার পর উক্ত খাতের স্থিতি শূন্য নিশ্চিত করতে হবে।

০৪। NIKASH-BEFTN System এ কার্যক্রম সম্পাদনে যে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে বিকেবি, এলপিও BACH Team এর সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হলো (BACH Team এর টিএন্ডটি ও মোবাইল নম্বর সমূহ BACH ও NIKASH-BEFTN Software Message Option থেকে পাওয়া যাবে)।

০৫। এমতাবস্থায়, সকল শাখাকে NIKASH-BEFTN System এ লেনদেন কার্যাবলী সম্পাদনের জন্য উপরোল্লিখিত নির্দেশনাগুলো যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হলো।

**অনুমোদনক্রমে,**

**আপনার বিশ্বস্ত,**

০৯/১১/২৩

**(মোহাম্মদ মাইনুল ইসলাম খান)**
**মহাব্যবস্থাপক (দায়িত্বে)**

---

**সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/** **তারিখঃ ০৯.১১.২০২৩ ইং**

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১,২ ও ৩ এর দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, আইসিটি মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৮। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। **পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**
০৯। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
১০। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
১১। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৩। নথি/মহানথি।

09/11/2023
(ফারজানা ইয়াসমিন)
সহকারী মহাব্যবস্থাপক (ব্যাচ)

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার লেটার নং- ০৬/২০২৩

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০
০৮ নভেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর ইএফটি ক্লিয়ারিং ও সেটেলমেন্ট Nikash-BEFTN এর মাধ্যমে সম্পাদন প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, আগামী ১২/১১/২০২৩ তারিখ হতে ইলেকট্রনিক ফান্ডস্ ট্রান্সফার এর কার্যক্রম বর্তমানে ব্যবহৃত BACH এর BEFTN সফট্ওয়্যারের পরিবর্তে Nikash-BEFTN সফট্ওয়্যারের মাধ্যমে সম্পাদন করা হবে। এতদুদ্দেশ্যে, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদের অনুরোধ জানানো যাচ্ছে:

০১। নতুন Nikash-BEFTN ব্যবস্থায় ইলেকট্রনিক ফান্ডস্ ট্রান্সফার (EFT) লেনদেন ১২/১১/২০২৩ তারিখ হতে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রতিদিন ৩টি (তিন) সেশনে স্থানীয় মুদ্রায় পরিচালিত হবে:

| সেশনসমূহ | সময়সূচী |
|---|---|
| সেশন-১ | রাত ১২:০০:০০ ঘটিকা হতে সকাল ১১:৫৯:৫৯ ঘটিকা |
| সেশন-২ | দুপুর ১২:০০:০০ ঘটিকা হতে দুপুর ০২:৫৯:৫৯ ঘটিকা |
| সেশন-৩ | বিকাল ০৩:০০:০০ ঘটিকা হতে রাত ১১:৫৯:৫৯ ঘটিকা |

০২। ডেবিট ও ক্রেডিট লেনদেন পৃথক পৃথক ফাইলের মাধ্যমে অর্থাৎ একই ফাইলে উভয় প্রকার লেনদেন অন্তর্ভুক্ত না করে উপস্থাপন করতে হবে। ডেবিট ও ক্রেডিট লেনদেনের ক্ষেত্রে ইএফটি সেটেলমেন্ট হওয়ার পরবর্তী ২ (দুই) সেশনের মধ্যে রিটার্ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। Nikash-BEFTN এর আনুষ্ঠানিক কার্যারম্ভ (Go Live) সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১০/১১/২০২৩ তারিখ (শুক্রবার) ও ১১/১১/২০২৩ তারিখ (শনিবার) তফসিলি ব্যাংকসমূহের EFT প্রসেসিং কার্যক্রমে যুক্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজন অনুসারে অফিসে উপস্থিত থাকতে হবে।

০৪। বর্তমান BACH(BEFTN) সিস্টেমে EFT Outward পাঠানোর শেষ সময় হবে ০৯/১১/২০২৩ তারিখ দুপুর ০২:০০:০০ ঘটিকা, অর্থাৎ ০৯/১১/২০২৩ তারিখ প্রথম সেশন পর্যন্ত। ০৯/১১/২০২৩ তারিখ দুপুর ০২:০০:০০ ঘটিকার পর কোনো ভাবেই EFT Outward বর্তমান BACH(BEFTN) সিস্টেমে প্রেরণ করা যাবেনা।

০৫। বর্তমান BACH(BEFTN) সিস্টেমে EFT Outward Return পাঠানোর শেষ সময় হবে ০৯/১১/২০২৩ তারিখ রাত ১২:০০:০০ ঘটিকা পর্যন্ত। বর্ণিত সময়ের মধ্যে অংশগ্রহণকারী সকল তফসিলি ব্যাংক বর্তমান BACH(BEFTN) এর সকল অনিষ্পন্ন EFT Outward Return প্রেরণ সম্পন্ন করবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শফিকুল ইমদাদ)
অতিরিক্ত পরিচালক
ফোন: ৯৫৩০০৫৩